

## জন্মের পর আমার সন্তানের কী হবে?

যদি গর্ভাবস্থায় আপনার চিকিৎসা গ্রহণ করার প্রয়োজন হয়ে থাকে, তাহলে শিশুর জন্মের পর একজন শিশু বিশেষজ্ঞের (শিশু) দ্বারা তার পরীক্ষা করাতে হবে এবং কিছু রক্ত পরীক্ষা করাতে হবে। খুব কম সংখ্যক কিছু শিশুর হাসপাতালে থেকে অ্যান্টিবায়োটিক চিকিৎসা গ্রহণ করার প্রয়োজন হতে পারে।

শিশুর স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করার জন্য জন্মের পর কয়েক মাস তাকে ফলো আপে রাখা হবে।


## আমার সিফিলিস পরীক্ষার ফলাফল যদি পজিটিভ হয়, তাহলে কি আমার সন্তানকে বুকের দুধ খাওয়ানো নিরাপদ হবে?

হ্যাঁ, আপনি আপনার সন্তানকে বুকের দুধ খাওয়াতে পারবেন।

## আমার সিফিলিস সংক্রমণের ব্যাপারে কার কার জানা প্রয়োজন?

আপনার অনুমতি সাপেক্ষে আপনার ও আপনার সন্তানের চিকিৎসা সেবায় নিয়োজিত সকল হেলথকেয়ার পেশাদারের আপনার রোগ নির্ণয় সম্পর্কে অবগত থাকা প্রয়োজন যাতে আপনার ও আপনার সন্তানের কার্যকরী চিকিৎসা গ্রহণের বিষয়টি তারা নিশ্চিত করতে পারেন।

## আরো তথ্য



সিফিলিস সংক্রান্ত আরো তথ্য পাওয়া যাবে এখানে:  
[www.nidirect.gov.uk/articles/antenatal-infectious-disease-screening](http://www.nidirect.gov.uk/articles/antenatal-infectious-disease-screening)



যৌন স্বাস্থ্য ক্লিনিক অথবা নর্দান আয়ারল্যান্ডের  
জিনিটোরিনারি মেডিসিন ক্লিনিক সম্পর্কিত বিস্তারিত  
তথ্য পাওয়া যেতে পারে এখানে:  
[www.sexualhealthni.info/genitourinary-medicine-gum-clinics](http://www.sexualhealthni.info/genitourinary-medicine-gum-clinics)



**Public Health Agency**  
12-22 Linenhall Street, Belfast BT2 8BS.  
Tel: 0300 555 0114 (local rate).  
[www.publichealth.hscni.net](http://www.publichealth.hscni.net)

Find us on:



# সিফিলিস: আপনার পজিটিভ স্ক্রিনিং ফলাফলের অর্থ কী



Public Health  
Agency

**আপনার সাম্প্রতিক স্ক্রিনিং পরীক্ষায় দেখা গেছে যে আপনি সিফিলিস নামক একটি সংক্রমণে আক্রান্ত।**

**এই লিফলেটে সিফিলিস কী এবং আপনার গর্ভাবস্থা ও আপনার শিশুর উপর এর প্রভাব কী সেই সংক্রান্ত ব্যাখ্যা রয়েছে।**

## সিফিলিস কী?

সিফিলিস হলো একটি ব্যাকটেরিয়াজনিত সংক্রমণ। লক্ষণ ও উপসর্গগুলো খুব স্পষ্ট না হওয়ার কারণে এটি প্রায়শই আমাদের দৃষ্টি এড়িয়ে যায়। চিকিৎসা না করানো হলে ধাপে ধাপে সিফিলিস অনেক গুরুতর হয়ে উঠতে পারে এবং কয়েক সপ্তাহ, মাস এবং এমনকি কয়েক বছর পর্যন্ত স্থায়ী হয়ে আপনার ও আপনার শিশুর গুরুতর স্বাস্থ্য সমস্যার কারণ হয়ে দাঁড়াতে পারে।

## কিভাবে সিফিলিসের সংক্রমণ ঘটে?

সিফিলিস ছড়াতে পারে:

- সিফিলিটিক শ্যাংকার (ঘা)-এর সরাসরি সংস্পর্শে আসলে, সাধারণত অরক্ষিত যৌন সহবাসের সময়
- ওষুধের ব্যবহারের জন্য সংক্রমিত সুঁই অথবা যন্ত্রপাতি ভাগাভাগি করলে
- গর্ভাবস্থায় অথবা জন্মের সময় মার থেকে শিশুর মধ্যে

## গর্ভাবস্থায় চিকিৎসা

আপনাকে যৌন স্বাস্থ্য বিষয়ক ক্লিনিকে (যা জিনিটোরিনারি মেডিসিন ক্লিনিক নামেও পরিচিত) প্রেরণ করা হবে যেখানে আপনার প্রয়োজনীয় চিকিৎসার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

অ্যান্টিবায়োটিক চিকিৎসায় সিফিলিস সারতে পারে এবং চিকিৎসার ফুল কোর্স সম্পন্ন করা খুবই জরুরি।

অতীতে যদি আপনি সিফিলিসের চিকিৎসা গ্রহণ করে থাকেনও, আবারও আপনার সংক্রমিত হওয়ার সম্ভাবনা আছে এবং আবারও আপনার চিকিৎসা করানো লাগতে পারে।

যৌন স্বাস্থ্য বিষয়ক টিম প্রয়োজনে আপনার সঙ্গীর পরীক্ষা করানো ও চিকিৎসা করানোর পরামর্শও দেবেন যাতে চিকিৎসা করানোর পর আবারও তারা আপনাকে সংক্রমিত না করেন। দুইজনের চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত আপনাকে আপনার সঙ্গীর সাথে যৌন সহবাস এড়িয়ে চলতে হবে। গর্ভাবস্থায় যদি আপনি সঙ্গী পরিবর্তন করেন, তাহলে আবারও আপনার পরীক্ষা করানো লাগতে পারে। দুশ্চিন্তা থাকলে পুনরায় পরীক্ষা করানোর ব্যাপারে আপনার মিডওয়াইফ বা যৌন স্বাস্থ্য বিষয়ক টিমকে জিজ্ঞাসা করুন।

## আপনার শিশুর সুরক্ষা

গর্ভাবস্থায় সিফিলিস হওয়ার অর্থ হলো গর্ভাবস্থা বা জন্মের যেকোনো সময় আপনার অনাগত সন্তানও সংক্রমিত হতে পারে যার ফলে কনজেনিটাল সিফিলিস নামক একটি জটিলতা দেখা দিতে পারে যার দীর্ঘমেয়াদী প্রভাবের শিকার হবে আপনার সন্তান।



আপনার সংক্রমণের প্রাথমিক পর্যায়েই শিশুর কনজেনিটাল সিফিলিসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি এবং এর ফলে গর্ভপাত, মৃত সন্তান প্রসব অথবা অপরিপক্ব সন্তান জন্মদানের ঝুঁকি বৃদ্ধি পেতে পারে।

শিশুর জন্মের আগে অ্যান্টিবায়োটিক চিকিৎসা গ্রহণের মাধ্যমে, এবং প্রয়োজনে জন্মের পর শিশুকে অ্যান্টিবায়োটিক চিকিৎসা প্রদানের মাধ্যমে কনজেনিটাল সিফিলিস প্রতিরোধ করা যেতে পারে।

সিফিলিস শনাক্ত হওয়ার সাথে সাথে আপনার জন্য যৌন স্বাস্থ্য ক্লিনিকের অ্যাপয়েন্টমেন্টগুলোতে অংশ নিয়ে চিকিৎসা গ্রহণ করা খুবই জরুরি যাতে শিশুকে সংক্রমণের হাত থেকে রক্ষা করা যায়।

## গর্ভাবস্থায় সিফিলিসের চিকিৎসা গ্রহণ করা কি নিরাপদ?

গর্ভাবস্থায় অ্যান্টিবায়োটিক চিকিৎসা (সাধারণত পেনিসিলিন) নিরাপদ এবং এতে শিশুর কোনো ক্ষতি হয় না। পেনিসিলিনে যদি আপনার অ্যালার্জি থাকে, তাহলে ডাক্তার বিকল্প চিকিৎসাগুলো নিয়ে আপনার সাথে আলোচনা করবেন। মাঝেমধ্যে সিফিলিস সংক্রমণের প্রাথমিক পর্যায়ে যদি আপনি চিকিৎসা গ্রহণ করেন, তখন 'ফ্লু'-এর মতো অসুস্থতার ভাব সহ স্বল্পমেয়াদী কিছু প্রতিক্রিয়া হতে পারে যা সাধারণত কয়েকদিন স্থায়ী হয়।

শিশুকে রক্ষা করার সবচেয়ে ভালো উপায় হলো পূর্ণ চিকিৎসা সম্পন্ন করা।

## আমি কিভাবে বুঝবো চিকিৎসায় কাজ হয়েছে কিনা?

আপনি সংক্রমণ থেকে মুক্ত হয়েছেন তা নিশ্চিত করার জন্য যৌন স্বাস্থ্য ক্লিনিকে চিকিৎসার পর বিভিন্ন পর্যায়ে আরো কয়েকবার আপনার রক্ত পরীক্ষা করা হবে।

আপনার সন্তানের জন্মের পরও আপনার রক্ত পরীক্ষা করা হবে।